

## উপজেলা পরিক্রমা

### সাতকানিয়া

ডেক্টেন্ট  
চৰকাৰ

সাতকানিয়া ১৬ ফেব্ৰুয়াৰী  
(পুনৰ্বাচনতা)।— আউলিয়া, দৱৰেশ ও  
সৈৱামাশায়েৰেৰ পুণ্য স্থৃতিতে ধন্য,  
নেসর্জিক সৌন্দৰ্যেৰ অপূৰ্ব সমাহাৰে সমৃদ্ধ  
ও প্রাচীন মহাসড়ক আৱাকান ৱোড়-এৰ  
প্রতিষ্ঠাত্যাত সাতকানিয়া উপজেলা  
চট্টগ্রাম জেলা সদৱ হতে প্ৰায় ৩২ মাইল  
দক্ষিণে অবস্থিত। এ উপজেলাৰ উভয়েৰ  
চন্দনাইশ উপজেলা, দক্ষিণে লোহাগড়া  
উপজেলা, পূৰ্বে বান্দাৱাবান পাৰ্বত্য জেলা  
এবং পশ্চিমে বাশখালী উপজেলা।  
সাতকানিয়া উপজেলাৰ আয়তন ১০৮  
বৰ্গমাইল। লোকসংখ্যা ১৯৮০-৮১  
সালৰ গণনালুসৱে ২,৪৯,৩৩৬ জন।  
এৰ মধ্যে পুৰুষ ১,২৬,৮৫২ জন এবং  
মহিলা ১,২২,৪৮৪ জন। সাতকানিয়া  
উপজেলা মোট ১৭টি ইউনিয়ন নিয়ে  
গঠিত। ৭৩টি মৌজায় মোট ৭৫টি আম  
ৱয়েছে।

#### যাতায়াত

চট্টগ্রাম কঙ্গবাজার মহাসড়ক আৱাকান  
ৱোড়-এ উপজেলাৰ বুক ছুয়ে  
উভয়ে-দক্ষিণে চলে গৈছে। এ উপজেলাৰ  
অধীনে মোট ৪৯ মাইল পাকা ও ৬৬১  
মাইল কাঁচা রাস্তা রয়েছে।

শিক্ষা  
উপজেলাৰ মোট শিক্ষা প্রতিষ্ঠানেৰ  
সংখ্যা ১৬৯ টি। এৰ মধ্যে ১টি সরকাৰী  
কলেজ, ১টি বেসরকাৰী কলেজ, ১৯টি  
উচ্চ বিদ্যালয় (বালক), ২টি উচ্চ  
বিদ্যালয় (বালিকা), ২টি নিম্ন মাধ্যমিক  
বিদ্যালয় (বালক), ১০১টি সরকাৰী  
প্ৰাথমিক বিদ্যালয়, ৬টি বেসরকাৰী  
প্ৰাথমিক বিদ্যালয়, ২টি কিৰণৰ গার্ডেন,  
১টি কামিল মাদ্রাসা, ৬টি সিনিয়ৱ  
মাদ্রাসা, ২টি ভুনিয়ৰ মাদ্রাসা ও ৫টি  
এতিমথানা। এ উপজেলায় শিক্ষিতেৰ  
হাৰ ৩০%। এসৰ শিক্ষাবৃত্তনেৰ একটি  
উল্লেখযোগ্য অংশ নানা সমস্যা জৰ্জিৱত।

কৃষি ও বন  
কৃষি-অৰ্থনীতি নিৰ্ভৰ এ সাতকানিয়া  
উপজেলাৰ মোট জমিৰ পরিমাণ

৬৭,৪১২.৭৬ একৰ। এৰ মধ্যে আবাদী  
জমিৰ পরিমাণ ৩৪,৬৩১.০০ একৰ এবং  
অনাবাদী জমিৰ পরিমাণ ১৬,৬৬৮.০০  
একৰ। আবাদী জমিৰ মধ্যে ৪,৪৩০  
একৰ ৩ ফসলী, ২৮,৭৪৩ একৰ ২  
ফসলী এবং ১,৪৫৮ একৰ ১ ফসলী জমি  
ৱয়েছে। সেচ সুবিধে নিশ্চিত কৰাৰ জন্য  
৪৬৮টি পাওয়াৰ পাস্প, ৪১টি গভীৰ  
নলকূপ এবং ১৪টি অগভীৰ নলকূপ  
স্থাপন কৰা হয়েছে। প্ৰধান উৎপাদিত  
ফসলৰ মধ্যে ধান, আখ, গম, তামাক,  
আলু, সৱিয়া ও বিভিন্ন শাক-সজি  
উল্লেখযোগ্য।

#### চিকিৎসা

সাতকানিয়া উপজেলায় ১টি স্বাস্থ্য  
কমপ্লেক্সহ ৬টি স্বাস্থ্য উপকেন্দ্ৰ, ৩টি  
ইউনিয়ন পৰিবাৰ পৰিকল্পনা ক্লিনিক এবং  
বেসরকাৰী ব্যবস্থাপনায় পৰিচালিত ২টি  
দাতব্য চিকিৎসালয় ৱয়েছে। জনসংখ্যাৰ  
আনুপাতিক হাৰে চিকিৎসা সুবিধে  
অপ্রতুল।

#### হাট-বাজার

এ উপজেলাৰ ২৬টি হাট-বাজাৰেৰ মধ্যে  
অধিকাংশ জৱাজীৰ্ণ ও সেকেলে ধৰনেৰ।  
কেৱালী হাটেৰ জন্য কোন নিৰ্দিষ্ট জায়গা  
না থাকাৰ আৱাকান ৱোড়েৰ উপৰই  
বাজাৰ, বসে সপ্তাহে দু'বাৰ। ফলে বাস  
যাতায়াতে অসুবিধে সৃষ্টি হয়।

#### বিদ্যুৎ-পানি

এ উপজেলায় ২টি বিদ্যুৎ সৱবৱাহ কেন্দ্ৰ  
থাকলেও বিদ্যুৎ বিআট জনজীবনকে  
অতিষ্ঠ কৰে ভুলেছে। এ ছাড়া  
সাতকানিয়া উপজেলা সদৱেৰ মাত্ৰ  
আড়াই মাইল পশ্চিমে বাবুনগৰ  
আলীনগৰসহ প্ৰতি এলাকায় এখনো  
বিদ্যুৎ পৌছেনি। পানীয় জল সৱবৱাহ  
নিশ্চিত কৰাৰ জন্য ১১৫২টি ইন্টালিত  
নলকূপ ৱয়েছে। এ উপজেলায় পুকুৱেৰ  
সংখ্যা ৪,৬৫০টি। এৰ মধ্যে আবাদী  
পুকুৱেৰ সংখ্যা ৩,৮৭৫টি এবং মজা  
পুকুৱেৰ সংখ্যা ৯৭৫টি।